



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০২.২০-২৮২

তারিখঃ ১৫ আশ্বিন ১৪২৭ ব.
৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-১১১৩৮/২০১৯ মামলার বিষয়ে তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ পিটিশনার এর পক্ষে বিজ্ঞ আইনজীবী কর্তৃক প্রেরিত Contempt Notice, তারিখ: ১৬/০৯/২০২০ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার পলাশ উপজেলাধীন ইছাখালী ফাজিল ডিগ্রী মাদ্রাসা'র সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) জনাব মো: কুতুব উদ্দিন-কে বরখাস্ত করা হয়। তাঁকে অবৈধভাবে বরখাস্ত করার কারণে উদ্ধৃত অভিযোগের প্রতিকারের জন্য গত ২৭/০৫/২০১৯ তারিখে (notice-receiver বরারব) আবেদন দাখিল করা হয় মর্মে নোটিশে উল্লেখ করা হয়েছে। তবে notice-receiver কে তা লিগ্যাল নোটিশে উল্লেখ নেই।

২। উক্ত আবেদনের আলোকে (অবৈধভাবে বরখাস্ত করার বিষয়ে) প্রতিকার না পাওয়ায় আলোচ্য সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান) জনাব মো: কুতুব উদ্দিন কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১১১৩৮/২০১৯ মামলা দায়ের করা হয়।

৩। রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৫/১১/২০১৯ তারিখে পিটিশনারের ২৭/০৫/২০১৯ তারিখে দাখিলকৃত আবেদনটি আদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার জন্য প্রতিপক্ষগণকে নির্দেশনা প্রদান করা হয়।

৪। মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ০৫/১১/২০১৯ তারিখে প্রদত্ত আদেশের আলোকে কার্যকরী ব্যবস্থা গ্রহণ না করায় পিটিশনার কর্তৃক বিজ্ঞ আইনজীবীর মারফত আলোচ্য Contempt Notice প্রেরণ করা হয়েছে।

৫। রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলা সংক্রান্ত নথি টিএমইডি'র আইন শাখায় না পাওয়ায় আলোচ্য মামলার বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্য জানা যায়নি। কিংবা উক্ত মামলায় রেসপনডেন্ট কাকে কাকে করা হয়েছে সে বিষয়েও তথ্য জানা যায়নি।

৬। রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলাটি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট এবং বিষয়টি শিক্ষক বরখাস্তকরণ সংক্রান্ত যা ডিজি, ডিএমই এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড সংশ্লিষ্ট মর্মে Contempt Notice এর বক্তব্য হতে প্রতীয়মান হয়।

৭। এক্ষেত্রে রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলার বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য প্রয়োজন-


(ক) রিট পিটিশনার কর্তৃক দাখিলকৃত ২৭/০৫/২০১৯ খ্রি: তারিখের আবেদনটি নিষ্পত্তি করা হয়েছে কিনা এ বিষয়ে প্রমাণকসহ তথ্য;

(খ) নিষ্পত্তি না হয়ে থাকলে না হওয়ার কারণ কি এবং কবে নাগাদ নিষ্পত্তি করা হবে এ মর্মে প্রমাণকসহ তথ্য;

(গ) রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে প্রমাণকসহ তথ্য এবং না হয়ে থাকলে কবে নাগাদ জবাব দাখিল হবে এ মর্মে প্রমাণকসহ তথ্য;

(ঘ) রিট পিটিশন নং- ১১১৩৮/২০১৯ মামলার আর্জি এবং রুলের কপি টিএমইডি-তে প্রেরণ করা;

৮। এমতাবস্থায়, উপরিউক্ত মতে চাহিত তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ১৫/১০/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


(মাহসুদুর রহমান)
উপসচিব (অডিট ও আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) / উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৫। অফিস কপি/মাস্টার কপি।